গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা-০১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.১৬.৪৫.১৯-১৫

তারিখ: ১১ ভাদ্র ১৪২৭
২৬ আগস্ট ২০২০

বিষয়: **ডিআইএ কর্তৃক (জুলাই/২০২০ মাসে এবং অন্যান্য মাসে) সম্পন্ন করা পরিদর্শন প্রতিবেদনের (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান) সার-সংক্ষেপের আলোকে বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

সূত্র: ১। ডিএমই এর স্মারক নং - ৩৭.২৯.০০০০.০০১.১৬.০১১.১৭.১৫১, তারিখ: ০৯.০৮.২০২০ খ্রি.।
২। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৬.০৬.০০৫.১২/৩০৮, তরিখ: ১৬.০৯.২০১২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত স্মারকের মাধ্যমে বৃহত্তর ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা বিভাগের ৫১ টি মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন সংক্রান্ত প্রতিবেদনের সার-সংক্ষেপ পাওয়া গেছে।

০২. উক্ত ৫১ (একান্ন) টি পরিদর্শিত প্রতিষ্ঠানের মধ্যে সার-সংক্ষেপে উল্লিখিত অনিয়ম (আর্থিক ও প্রশাসনিক) সংঘটিত হয়েছে এমন প্রতিষ্ঠানের তথ্য নিম্নরূপ:

| ক্রমিক নং | সার-সংক্ষেপের ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | পরিদর্শনকালে সনাক্তকৃত অনিয়ম এবং এ বিষয়ে ডিআইএ-এর সুপারিশ | টিএমইডি'র নির্দেশনা |
|---|---|---|---|---|
| ০১ | ১ | দক্ষিণ রাণীগাঁও ছিরুমিয়া আজিমদ্দিন দাখিল মাদ্রাসা, ডাকঘর-নালিতাবাড়ী, উপজেলা-নালিতাবাড়ী, জেলা-শেরপুর। | ঝ) সাধারণ তহবিলে কাম্য টাকা জমা নেই।<br>ঞ) শিক্ষক-কর্মচারীদের নামে ভবিষ্যৎ তহবিল চালু নেই।<br>ঠ) জমি সংক্রান্ত বিষয়ে মাননীয় আদালতে ৩৩০/০৫ নং মামলা চালু রয়েছে।<br>(ঘ) পদায়ন বিধি সম্মত না হওয়ায় জনাব মো: সেকান্দর আলী কর্তৃক গৃহীত-৩,১৬,৯৯৯/- টাকা সরকারি কোষাগারে ফেরতযোগ্য।<br>ঙ) জনাব মো: গিয়াসউদ্দন কর্তৃক প্রাপ্যতার অতিরিক্ত স্কেলে গৃহীত ১৫২০/- টাকা সরকারি কোষাগারে ফেরতযোগ্য।<br>চ) নিয়োগ বিধি সম্মত না হওয়ায় জনাব মো: আবদুল লতিফ কর্তৃক গৃহীত ১০০২৮১৩/- টাকা সরকারি কোষাগারে ফেরতযোগ্য।<br>ছ) নিয়োগ বিধি সম্মত না হওয়ায় এবতে: ক্বারী শিক্ষক জনাব মো: রফিকুল ইসলাম কর্তৃক গৃহীত ১১,৭৬,৫৯২/- টাকা সরকারি কোষাগারে ফেরতযোগ্য।<br>জ) শরীরচর্চা শিক্ষক হিসেবে নিয়োগ বিধিসম্মত নয় বিধায় মোহাম্মদ মফিজুল ইসলাম কর্তৃক গৃহীত ১১,৩৫,২৯০/- টাকা সরকারি কোষাগারে ফেরতযোগ্য। | ক) ডিআইএ কর্তৃক উত্থাপিত আপত্তির যথার্থতা না থাকলে প্রমাণকসহ জবাব টিএমইডি-তে প্রেরণ আবশ্যক।<br>খ) ডিআইএ এর আপত্তির যথার্থতা থাকলে আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমা দিয়ে প্রমাণকসহ জবাব টিএমইডি-তে প্রেরণ আবশ্যক।<br>গ) অর্থ ব্যতিত উত্থাপিত অন্যান্য আপত্তি নিস্পত্তিক্রমে অর্থাৎ উক্ত নির্দেশনা বাস্তবায়নক্রমে প্রমাণকসহ জবাব আগামী ২১.০৯.২০২০খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণ নিশ্চিত করার জন্য ডিজি, ডিএমই-কে নির্দেশনা প্রদান আবশ্যক। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | ১ | মোহরকোনা আশরাফিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর-নিকলী, উপজেলা-নিকলী, জেলা-কিশোরগঞ্জ। | গ) স্টক রেজিস্টার চালু নেই।<br>ঘ) সমুদয় জমি প্রতিষ্ঠানের নামে খারিজকৃত নয়।<br>ঙ) পৃথক পাঠাগার কক্ষ নেই।<br>চ) শিক্ষক-কর্মচারীদের নামে ভবিষ্যৎ তহবিল চালু নেই।<br>ছ) বিগত পরিদর্শন প্রতিবেদনে আপত্তিকৃত অর্থ ফেরত প্রদান করা হয়েছে। | ঐ |
| ০৩ | ২ | ধলা বহুমুখী আলিম মাদ্রাসা, ডাকঘর-সেকান্দরনগর, উপজেলা-তাড়াইল, জেলা-কিশোরগঞ্জ। | গ) স্টক টেকিং করা হয় নাই।<br>ঘ) সমুদয় জমির হালসন নাগাদ খাজনা পরিশোধ করা হয় নাই।<br>ঙ) বোর্ড পরীক্ষার ফলাফলের সংখ্যাগত ও গুণগত মান উন্নত করার লক্ষ্যে আন্তরিক প্রচেষ্টা চালাতে হবে।<br>চ) শিক্ষক-কর্মচারীদের নামে ভবিষ্যৎ তহবিল চালু নেই। | ঐ |
| ০৪ | ১ | কলাউজান দারুচ্ছুন্নাহ আলিম মাদ্রাসা, ডাকঘর-পূর্ব কলাউজান, উপজেলা-লোহাগাড়া, জেলা-চট্টগ্রাম। | ঘ) সমুদয় জমি মাদরাসার নামে খারিজ করা হয়নি, জমির খাজনা হালসননাগাদ পরিশোধের সুপারিশ করা হয়েছে।<br>গ) বর্তমান নীতিমালায় প্রাপ্যতা না থাকায় দাখিল স্তরের ক্বারী শিক্ষক জনাব মোহাম্মদ আব্দুল কাদের ০১/০৭/১৯৯১ তারিখে যোগদান করায় উদ্বৃত্ত হিসেবে কর্মরত থেকে বেতনভাতা প্রাপ্য মর্মে সুপারিশ করা হয়েছে। | ক) ডিআইএ কর্তৃক উত্থাপিত আপত্তির যথার্থতা না থাকলে প্রমাণকসহ জবাব টিএমইডি-তে প্রেরণ আবশ্যক।<br>খ) ডিআইএ এর আপত্তির যথার্থতা থাকলে আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমা দিয়ে প্রমাণকসহ বিএসআর টিএমইডি-তে প্রেরণ আবশ্যক।<br>গ) অর্থ ব্যতিত উত্থাপিত অন্যান্য আপত্তি নিষ্পত্তিক্রমে অর্থাৎ তা বাস্তবায়নক্রমে প্রমাণকসহ জবাব আগামী ২১.০৯.২০২০খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণ নিশ্চিত করার জন্য ডিজি, ডিএমই-কে নির্দেশনা প্রদান আবশ্যক। |
| ০৫ | ১ | বাঞ্ছারামপুর সোবহানিয়া ইসলামিয়া ফাজিল মাদ্রাসা, ডাকঘর+উপজেলা-বাঞ্ছারামপুর, জেলা-ব্রাহ্মণবাড়িয়া। | গ) হালসন নাগাদ জমির খাজনা পরিশোধ করা হয়নি।<br>ঘ) আয়-ব্যয়ের ক্ষেত্রে আর্থিক বিধি অনুসরণ করতে হবে।<br>ঙ) শিক্ষক-কর্মচারীগণের নামে ভবিষ্যৎ তহবিল চালু নেই। | ঐ |
| ০৬ | ১ | হায়দরগঞ্জ তাহেরিয়া আব,এম কামিল মাদ্রাসা, ডাকঘর-হায়দরগঞ্জ, উপজেলা-রায়পুর, জেলা-লক্ষ্মীপুর। | গ) হালসন নাগাদ জমির খাজনা পরিশোধ করা হয়নি।<br>ঘ) আয়-ব্যয়ের ক্ষেত্রে আর্থিক বিধি অনুসরণ করতে হবে।<br>ঙ) শিক্ষক-কর্মচারীগণের নামে ভবিষ্যৎ তহবিল চালু নেই। | ঐ |
| ০৭ | ২ | শায়েস্তানগর ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ডাক: আশ্রাফগঞ্জ, উপজেলা-রায়পুর, জেলা-লক্ষ্মীপুর। | গ) হালসন নাগাদ জমির খাজনা পরিশোধ করা হয়নি।<br>ঘ) আয়-ব্যয়ের ক্ষেত্রে আর্থিক বিধি অনুসরণ করতে হবে।<br>ঙ) শিক্ষক-কর্মচারীগণের নামে ভবিষ্যৎ তহবিল চালু নেই। | ঐ |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | ৩ | গাজীনগর চরপাতা দা:চ্ছুন্নাহ ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ডাক: রায়পুর, উপজেলা-রায়পুর, জেলা-লক্ষ্মীপুর। | গ) হালসন নাগাদ জমির খাজনা পরিশোধ করা হয়নি।<br>ঘ) আয়-ব্যয়ের ক্ষেত্রে আর্থিক বিধি অনুসরণ করতে হবে।<br>ঙ) শিক্ষক-কর্মচারীগণের নামে ভবিষ্যৎ তহবিল চালু নেই। | ঐ |
| ০৯ | ৪ | চরবংশী মাদ্রাসাতুল বানাত দাখিল মাদ্রাসা, ডাক: চরবংশী, উপজেলা-রায়পুর, জেলা-লক্ষ্মীপুর। | গ) হালসন নাগাদ জমির খাজনা পরিশোধ করা হয়নি।<br>ঘ) আয়-ব্যয়ের ক্ষেত্রে আর্থিক বিধি অনুসরণ করতে হবে।<br>ঙ) শিক্ষক-কর্মচারীগণের নামে ভবিষ্যৎ তহবিল চালু নেই। | ঐ |
| ১০ | ১ | মুরাদ কালিকাপুর আদর্শ দাখিল মাদ্রাসা, ডাক: সুয়াগঞ্জ, উপজেলা-সদর দক্ষিণ, জেলা-কুমিল্লা। | গ) শিক্ষক-কর্মচারীগণের নামে ভবিষ্যৎ তহবিল চালু নেই। | ঐ |
| ১১ | ২ | বড় আলমপুর ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ডাক: হালিমা নগর, উপজেলা-আদর্শ সদর, জেলা-কুমিল্লা। | গ) শিক্ষক-কর্মচারীগণের নামে ভবিষ্যৎ তহবিল চালু নেই। | ঐ |
| ১২ | ৩ | ফেন্নুয়া মহিলা দাখিল মাদ্রাসা, ডাক: উত্তর হাওলা, উপজেলা-মনোহরগঞ্জ, জেলা-কুমিল্লা। | গ) শিক্ষক-কর্মচারীগণের নামে ভবিষ্যৎ তহবিল চালু নেই। | ঐ |
| ১৩ | ৪ | কক্সবাজার দাখিল মাদ্রাসা, ডাক: উত্তর হাওলা, উপজেলা-মনোহরগঞ্জ, জেলা-কুমিল্লা। | গ) শিক্ষক-কর্মচারীগণের নামে ভবিষ্যৎ তহবিল চালু নেই। | ঐ |
| ১৪ | ১ | দৈয়ারা ডি,এস,এম,এন, আই দাখিল মাদ্রাসা, ডাক-খিলাবাজার, উপজেলা-শাহরাস্তি, জেলা-চাঁদপুর। | গ) শিক্ষক-কর্মচারীগণের নামে ভবিষ্যৎ তহবিল চালু নেই। | ঐ |
| ১৫ | ১ | দক্ষিণ শ্রীপুর ইস্কান্দারিয়া সুন্নিয়া আলিম মাদ্রাসা, ডাক ও উপজেলা-ফুলগাজী, জেলা-ফেনী। | গ) শিক্ষক/কর্মচারীদের নিয়োগ যাচাইয়ে এবং গৃহিত স্কেল গ্রহণে আপত্তি নেই। মহিলা কোটায় কোন শিক্ষিকা নিয়োগ দেয়া হয়নি।<br>ঘ) কর্মরত না থাকায় এমপিও হতে ৩য় শ্রেণির কর্মচারী জনাব মো: আবদুছ সালাম ফারুক এর নাম কর্তনের সুপারিশ করা হয়েছে।<br>চ) সাধারণ তহবিলে কার্য অর্থ জমা নেই। | ঐ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | ২ | মুনশীরহাট ইসলামিয়া ফাযিল ডিগ্রী মাদ্রাসা, ডাক-মুনশীরহাট, উপজেলা-ফুলগাজী, জেলা-ফেনী। | ঙ) খাজনা হালসননাগাদ পরিশোধ নেই।<br>চ) বোর্ড/বিশ্ববিদ্যালয় পরীক্ষার ফলাফল উন্নয়নের সুপারিশ করা হয়েছে।<br>ছ) শিক্ষক/কর্মচারীদের নামে ভবিষ্যৎ তহবিল চালু নেই। একাধিক ব্যাংক হিসাব বন্ধের সুপারিশ করা হয়েছে।<br>গ) শিক্ষক/কর্মচারীদের নিয়োগ যাচাইকৃত। মহিলা কোটা পূরণ নেই। ০১ জন ক্বারী শিক্ষক বর্তমান জনবল কাঠামোর অতিরিক্ত হওয়ায় উদ্বৃত্ত হিসেবে বেতনভাতা প্রাপ্য মর্মে সুপারিশ রাখা হয়েছে। | ক) ডিআইএ কর্তৃক উত্থাপিত আপত্তির যথার্থতা না থাকলে প্রমাণকসহ জবাব টিএমইডি-তে প্রেরণ আবশ্যক।<br>খ) ডিআইএ এর আপত্তির যথার্থতা থাকলে আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমা দিয়ে প্রমাণকসহ বিএসআর টিএমইডি-তে প্রেরণ আবশ্যক।<br>গ) অর্থ ব্যতিত উত্থাপিত অন্যান্য আপত্তি নিষ্পত্তিক্রমে অর্থাৎ তা বাস্তবায়নক্রমে প্রমাণকসহ বিএসআর আগামী ২১.০৯.২০২০খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণ নিশ্চিত করার জন্য ডিজি, ডিএমই-কে নির্দেশনা প্রদান আবশ্যক। |
| ১৭ | ৩ | সোনাগাজী ইসলামিয়া ফাযিল (ডিগ্রী) মাদ্রাসা, ডাক+উপজেলা-সোনাগাজী, জেলা-ফেনী। | গ) মহিলা কোটা পূরণকৃত নহে।<br>ঘ) সমুদয় জমি মাদ্রাসার নামে খারিজ করা হয়নি, খাজনা হালসননাগাদ পরিশোধ নেই। | ঐ |
| ১৮ | ৪ | নোয়াজ ফয়জুন্নেছা ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ডাক-আমজাদ হাট, উপজেলা-ফুলগাজী, জেলা-ফেনী। | গ) মহিলা কোটা পূরণ নেই।<br>ঘ) সমুদয় জমি মাদ্রাসার নামে খারিজ করা হয়নি।<br>চ) পাঠাগার কক্ষ নেই। | ঐ |
| ১৯ | ৫ | উত্তর কুহুমা ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ডাক-উত্তর কুহুমা শান্তির বাজার, উপজেলা-ছাগলনাইয়া, জেলা-ফেনী। | ঙ) সমুদয় জমি মাদ্রাসার নামে খারিজ করা হয়নি।<br>ছ) শিক্ষক/কর্মচারীদের নামে ভবিষ্যৎ তহবিল চালু নেই। | ঐ |
| ২০ | ৬ | আমিন উল্লাহ ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ডাক-বেকের বাজার, উপজেলা-দাগণভূঞা, জেলা-ফেনী। | গ) মহিলা কোটা পূরণকৃত নহে।<br>ঘ) সমুদয় জমি মাদ্রাসার নামে খারিজ করা হয়নি, খাজনা হালসননাগাদ পরিশোধ নেই। | ঐ |
| ২১ | ১ | উলুয়াইল ইসলামিয়া আলিম মাদ্রাসা, ডাক-উলুয়াইল, উপজেলা-সদর, জেলা-মৌলভীবাজার। | গ) হালসন নাগাদ জমির খাজনা পরিশোধ করা হয়নি।<br>ঘ) আয়-ব্যয়ের ক্ষেত্রে আর্থিক বিধি অনুসরণ করতে হবে।<br>ঙ) শিক্ষক-কর্মচারীগণের নামে ভবিষ্যৎ তহবিল চালু নেই। | ঐ |
| ২২ | ১ | সৈয়দপুর ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ডাক-করিমগঞ্জ, উপজেলা-সদর, জেলা-সিলেট। | গ) হালসন নাগাদ জমির খাজনা পরিশোধ করা হয়নি।<br>ঘ) আয়-ব্যয়ের ক্ষেত্রে আর্থিক বিধি অনুসরণ করতে হবে।<br>ঙ) শিক্ষক-কর্মচারীগণের নামে ভবিষ্যৎ তহবিল চালু নেই। | ঐ |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | ১ | সোনাকানিয়া দাখিল মাদ্রাসা, ডাক-পেড়ীহাট, উপজেলা-গাবতলী, জেলা-বগুড়া। | গ) স্টক টেকিং করা হয় না।<br>ঙ) সাধারণ তহবিলে কাম্য টাকা জমা নেই। শিক্ষক কর্মচারীদের নামে ভবিষ্যৎ তহবিল চালু নেই।<br>চ) শিক্ষার্থীদের উপস্থিতির হার বৃদ্ধি করতে হবে।<br>ছ) বিগত ২৫/৭/১৯৯৮ তারিখের পরিদর্শন প্রতিবেদনের ১২/(ঞ) অনুচ্ছেদের একজন শিক্ষক কর্তৃক অতিরিক্ত ২৪৮৮/৯৩ টাকা ফেরতের সুপারিশ অবাস্তবায়িত। | ঐ |
| ২৪ | ১ | পানতিতা ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর-পানতিতা, উপজেলা-তেরখাদা, জেলা-খুলনা। | গ) স্টক টেকিং করা হয় না। শিক্ষকদের সমন্বয়ে স্টক টেকিং কমিটি গঠন করে প্রতি বছর প্রতিষ্ঠানের যাবতীয় অস্থাবর সম্পত্তির স্টক টেকিং করতে হবে।<br>ঘ) বিষয় ও শ্রেণীভিত্তিক প্রত্যেক শিক্ষক শিক্ষাক্রম ও পাঠ্যসূচীর ভিত্তিতে প্রতিটি ক্লাস, সপ্তাহ ও টার্মের জন্য একটি লিখিত শিক্ষক পরিকল্পনা প্রস্তুত করে তদানুযায়ী পাঠদান করবেন।<br>ঙ) অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটির কার্যক্রম নিয়মিত নয়। | ঐ |
| ২৫ | ২ | খান এ সবুর মহিলা ফাজিল মডেল মাদ্রাসা, ডাক-খুলনা সিটি, উপজেলা-খুলনা সদর, জেলা-খুলনা। | গ) স্টক টেকিং করা হয় না। শিক্ষকদের সমন্বয়ে স্টক টেকিং কমিটি গঠন করে প্রতি বছর প্রতিষ্ঠানের যাবতীয় অস্থাবর সম্পত্তির স্টক টেকিং করতে হবে।<br>ঘ) পদার্থ বিদ্যা বিষয়ের প্রভাষক জনাব মমতা ইয়াসমিন স্নাতকোত্তর পরীক্ষায় অবতীর্ণ অবস্থায় নিয়োগের জন্য ০২/০৫/২০০৪ তারিখে আবেদন করেন। তাঁর স্নাতকোত্তর পরীক্ষার ফল প্রকাশ হয় ২৯/০৮/২০০৪ তারিখে। নিয়োগ বিধি অনুযায়ী স্নাতকোত্তর পাস না থাকায় তাঁর নিয়োগ বিধিসম্মত হয়নি।<br>ঙ) অধ্যক্ষের পদটি শুন্য রয়েছে। ইসলামের ইতিহাস বিষয়ের প্রভাষক জনাব শেখ জাফর ছাদেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করছেন। মাদ্রাসার ০২ জন সহকারী অধ্যাপক কর্মরত থাকাবস্থায় কনিষ্ঠ প্রভাষক জনাব শেখ জাফর ছাদেককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করায় শিক্ষা মন্ত্রণালয়ের আদেশ লংঘন করা হয়েছে। অবিলম্বে জ্যেষ্ঠতম সহকারী অধ্যাপক জনাব মো: মোস্তফাকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করতে হবে। জ্যেষ্ঠতম শিক্ষকের দায়িত্ব গ্রহণে অপারগতা প্রকাশ অসদাচরণ বলে গণ্য।<br>চ) সহকারী মৌলভী জনাব ইউনুছ আলী শেখ কর্তৃক অতিরিক্ত গৃহীত ১৯৩০/- টাকা, সহকারী শিক্ষক জনাব খন্দকার দিলরুবা কেয়া কর্তৃক অতিরিক্ত গৃহীত ২৫২৮৮০/- টাকা এবং সহকারী শিক্ষক শরীরচর্চা জনাব কামরুন্নাহার কর্তৃক অতিরিক্ত গৃহীত ৫৫২০/- টাকা সরকারি কোষাগারে ফেরতযোগ্য। | ঐ |
| ২৬ | ৩ | হাজী আব্দুল মালেক ছালেহিয়া দারুচ্ছুন্নাহ দাখিল মাদ্রাসা, ডাক-শিপইয়াড, উপজেলা ও জেলা-খুলনা। | গ) শিক্ষণ পদ্ধতি ও শিখন উন্নয়নে প্রতিবন্ধকতাসমূহ চিহ্নিত ও দূরীকরণের উপায়সমূহ আলোচনার জন্য পাঠ্যসূচি নিয়ে বিষয়ভিত্তিক শিক্ষকদের সভা নিয়মিত অনুষ্ঠান করতে হবে।<br>ঘ) অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটির কার্যক্রম নিয়মিত নয়।<br>ঙ) ভবিষ্যৎ তহবিল চালু নেই। | ঐ |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৭ | ৪ | বিশ্ব ইসলাম মিশন দাখিল মাদ্রাসা, ডাক-খুলনা সিটি ৯১০০, উপজেলা-খুলনা সদর, জেলা-খুলনা। | গ) স্টক টেকিং করা হয় না। শিক্ষকদের সমন্বয়ে স্টক টেকিং কমিটি গঠন করে প্রতি বছর প্রতিষ্ঠানের যাবতীয় অস্থাবর সম্পত্তির স্টক টেকিং করতে হবে।<br>ঘ) শিক্ষণ পদ্ধতি ও শিখন উন্নয়নে প্রতিবন্ধকতাসমূহ চিহ্নিত ও দূরীকরণের উপায়সমূহ আলোচনার জন্য পাঠ্যসূচি নিয়ে বিষয়ভিত্তিক শিক্ষকদের সভা নিয়মিত অনুষ্ঠান করতে হবে।<br>ঙ) অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটির কার্যক্রম নিয়মিত নয়। প্রতি তিন মাস অন্তর যাবতীয় আয় ব্যয় হিসাব যাচাই করে প্রতিবেদন কমিটির সভায় উপস্থাপন করতে হবে। | ঐ |
| ২৮ | ৫ | মুহাম্মদনগর মহিলা কামিল মাদ্রাসা, ডাক-জিপিও-৯০০০, উপজেলা-সোনাডাংগা, জেলা-খুলনা। | খ) প্রতিষ্ঠানে গভর্নিং বডি নেই।<br>ঘ) কার্যোপযোগী শিক্ষার মানোন্নয়নে পর্যাপ্ত এবং স্থানীয়ভাবে সহজলভ্য শিক্ষা উপকরণ ব্যবহারের মাধ্যমে শ্রেণীকক্ষে পাঠ উপস্থাপন করতে হবে।<br>ঙ) অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটির কার্যক্রম নিয়মিত নয়। | ঐ |
| ২৯ | ৬ | কয়রা উত্তর চক আমিনিয়া কামিল মাদ্রাসা, ডাক-কয়রা, উপজেলা-কয়রা, জেলা-খুলনা। | গ) স্টক টেকিং কমিটি নেই এবং প্রতি বছর শেষে স্টক টেকিং করা হয় না।<br>ঘ) জমি প্রতিষ্ঠানের নামে খারিজ করা হয়নি।<br>ঙ) বোর্ড পরীক্ষার ফলাফলের মান উন্নত করার লক্ষ্যে সকল শিক্ষককে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>চ) শিক্ষকদের সমন্বয়ে তিন সদস্য বিশিষ্ট অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি গঠন করে প্রতি তিন মাস অন্তর প্রতিষ্ঠানের সকল আয়-ব্যয় নিরীক্ষা করতে হবে। | ঐ |
| ৩০ | ৭ | কয়রা মদিনাবাদ দাখিল মাদ্রাসা, ডাক-মদিনাবাদ, উপজেলা-কয়রা, জেলা-খুলনা। | গ) ১.০৪ একর জমির মধ্যে ০.৭৯ একর জমি প্রতিষ্ঠানের নামে খারিজ করা হয়েছে।<br>ঘ) বোর্ড পরীক্ষার ফলাফলের মান উন্নত করার লক্ষ্যে সকল শিক্ষককে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>ঙ) শিক্ষকদের সমন্বয়ে তিন সদস্য বিশিষ্ট অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি গঠন করে প্রতি তিন মাস অন্তর প্রতিষ্ঠানের সকল আয়-ব্যয় নিরীক্ষা করতে হবে। | ঐ |
| ৩১ | ১ | উপশহর আলিম মাদ্রাসা, ডাক-যশোর শিক্ষা বোর্ড, থানা-যশোর সদর, জেলা-যশোর। | ক) প্রতিষ্ঠানটিতে অভিযোগের ভিত্তিতে সাধারণ পরিদর্শন ও নিরীক্ষা করা হয়। একজন অধ্যক্ষ হিসেবে দাবী করেন এবং অন্যজন ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দাবী করেন। দুই জনই পরিদর্শন ও নিরীক্ষা কাজে সহযোগিতা করা সম্ভব নয় মর্মে জানান। ফলে প্রতিষ্ঠানটির পরিদর্শন ও নিরীক্ষা কার্য সম্পন্ন করা সম্ভব হয়নি। পাঠদান ব্যতিরেকে শিক্ষকরা আন্ত:কলহে বেশী ব্যস্ত থাকেন। এমতাবস্থায় এ ধরণের প্রতিষ্ঠানের এমপিও সাময়িক বন্ধ রাখার সুপারিশ করা হলো। | ঐ |
| ৩২ | ২ | উপশহর আলিম মাদ্রাসা, ডাক-যশোর শিক্ষা বোর্ড, থানা-যশোর সদর, জেলা-যশোর। | ক) প্রতিষ্ঠানটি অভিযোগের ভিত্তিতে অভিযোগ তদন্ত করা হয়।<br>১) জনাব ফারজানা আক্তার এর নিয়োগ সংক্রান্ত রেকর্ড, শিক্ষাগত যোগ্যতার সনদ, শিক্ষক নিবন্ধন সনদ উপস্থাপন না করায় তার নিয়োগ যথাযথ কিনা তা নিশ্চিত হওয়া যায়নি। ফারজানা আক্তার প্রভাষক-রাষ্ট্রবিজ্ঞান পদে ১/৭/২০১০ তারিখ যোগদান করে নিয়মিত দায়িত্ব পালন করার বিষয়টি প্রমাণিত।<br>২) মাদ্রাসার গভর্নিং বডির মেয়াদ ২/১২/২০১২ তারিখ পর্যন্ত থাকলেও প্রতিষ্ঠানটির স্বীকৃতি নবায়নপত্র প্রাপ্ত হয় ২৪/৯/২০১২ তারিখে। এমতাবস্থায় নিয়োগকালে দায়িত্বে থাকা কর্তৃপক্ষ কর্তৃক এমপিওভুক্তির কাগজপত্র প্রেরণ করার সক্ষমতা না হওয়ার বিষয়টি প্রমাণিত। | ঐ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ৩) জনাব মুহা: জাকারিয়া হোসেন কর্তৃক ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা দাবী করণ বা জনাব মৌলুদা খাতুন কর্তৃক ৯,০০,০০০/- (নয় লক্ষ) টাকা লেন-দেনের কোন প্রমাণক পাওয়া যায়নি। প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান) পদে নিয়োগের বিষয়ে মাননীয় আদালতে মামলা বিচারাধীন থাকায় মন্তব্য করা সম্ভব হলো না।<br>৪) জেলা শিক্ষা অফিসারের দপ্তরের তদন্তাদেশ প্রাপ্তির পূর্বেই উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, যশোর কর্তৃক জনাব মৌলুদা খাতুনের নাম এমপিওভুক্তির কাগজপত্র অনলাইনে প্রেরণ করা হয়েছে। তবে জেলা শিক্ষা অফিস, যশোর কর্তৃক তদন্ত শেষ হওয়া পর্যন্ত এমপিওর রেকর্ডপত্র প্রেরণ স্থগিত রাখার অবকাশ ছিল।<br>৭) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, যশোর এর মেয়ে মাঝে মাঝে বিমানে ঢাকা হতে যশোর আসা-যাওয়া করার বিষয়টি সঠিক। জমি ক্রয়ের বিষয়ে তিনি যে, মাগুরায় জমি বিক্রী করে সে টাকা দিয়ে যশোরে জমি ক্রয় করেন।<br>উপর্যুক্ত দফাওয়ারী অভিযোগে উল্লিখিত বিষয়ে মাননীয় আদালতে কোন ধরণের মামলা বিচারাধীন থাকলে মাননীয় আদালতের রায়ই চূড়ান্ত বলে গণ্য হবে। | |
| ৩৩ | ৩ | বেজিয়াতলা আলিম মাদ্রাসা, ডাকঘর-রঘুনাথপুর, উপজেলা-ঝিকরগাছা, জেলা-যশোর। | গ) ভৌত অবকাঠামোসহ একাডেমিক ও প্রশাসনিক মানোন্নয়নের সুপারিশ।<br>ঘ) অর্থ বিধি যথাযথভাবে অনুসরণের সুপারিশ।<br>ঙ) শিক্ষক-কর্মচারীর নামে ভবিষ্যৎ তহবিল চালু নেই। চালু করার সুপারিশ।<br>চ) মহিলা কোটা সংরক্ষিত নেই।<br>ছ) পাবলিক পরীক্ষার ফলাফলের মানোন্নয়নের সুপারিশ। | ঐ |
| ৩৪ | ৪ | আলহাজ্ব রফিউদ্দিন আলিম মাদ্রাসা, ডাক-ঝিকরগাছা, উপজেলা-ঝিকরগাছা, জেলা-যশোর। | গ) ভৌত অবকাঠামোসহ একাডেমিক ও প্রশাসনিক মানোন্নয়নের সুপারিশ।<br>ঘ) অর্থ বিধি যথাযথভাবে অনুসরণের সুপারিশ।<br>ঙ) শিক্ষক-কর্মচারীর নামে ভবিষ্যৎ তহবিল চালু নেই। চালু করার সুপারিশ।<br>ছ) পাবলিক পরীক্ষার ফলাফলের মানোন্নয়নের সুপারিশ। | ঐ |
| ৩৫ | ৫ | আমিনি রামচন্দ্রপুর দাখিল মাদ্রাসা, ডাকঘর-বায়সা চাঁদপুর, উপজেলা-ঝিকরগাছা, জেলা-যশোর। | গ) ভৌত অবকাঠামোসহ একাডেমিক ও প্রশাসনিক মানোন্নয়নের সুপারিশ।<br>ঘ) অর্থ বিধি যথাযথভাবে অনুসরণের সুপারিশ।<br>ঙ) শিক্ষক-কর্মচারীর নামে ভবিষ্যৎ তহবিল চালু নেই। চালু করার সুপারিশ।<br>ছ) পাবলিক পরীক্ষার ফলাফলের মানোন্নয়নের সুপারিশ। | ঐ |
| ৩৬ | ৬ | বিষহরী দাখিল মাদ্রাসা, ডাকঘর-গংগারামপুর, উপজেলা-ঝিকরগাছা, জেলা-যশোর। | গ) ভৌত অবকাঠামোসহ একাডেমিক ও প্রশাসনিক মানোন্নয়নের সুপারিশ।<br>ঘ) অর্থ বিধি যথাযথভাবে অনুসরণের সুপারিশ।<br>ঙ) শিক্ষক-কর্মচারীর নামে ভবিষ্যৎ তহবিল চালু নেই। চালু করার সুপারিশ।<br>ছ) পাবলিক পরীক্ষার ফলাফলের মানোন্নয়নের সুপারিশ। | ঐ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৭ | ৭ | বড়পোদাউলিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর-হরিদ্রাপোতা, উপজেলা-ঝিকরগাছা, জেলা-যশোর। | গ) ভৌত অবকাঠামোসহ একাডেমিক ও প্রশাসনিক মানোন্নয়নের সুপারিশ।<br>ঘ) অর্থ বিধি যথাযথভাবে অনুসরণের সুপারিশ।<br>ঙ) শিক্ষক-কর্মচারীর নামে ভবিষ্যৎ তহবিল চালু নেই। চালু করার সুপারিশ।<br>চ) মহিলা কোটা সংরক্ষিত নেই।<br>ছ) পাবলিক পরীক্ষার ফলাফলের মানোন্নয়নের সুপারিশ। | ঐ |
| ৩৮ | ৮ | ঝাপা বালিকা দাখিল মাদ্রাসা, ডাকঘর-ঝাপা বাজার, উপজেলা-মনিরামপুর, জেলা-যশোর। | গ) ভৌত অবকাঠামোসহ একাডেমিক ও প্রশাসনিক মানোন্নয়নের সুপারিশ।<br>ঘ) অর্থ বিধি যথাযথভাবে অনুসরণের সুপারিশ।<br>ঙ) শিক্ষক-কর্মচারীর নামে ভবিষ্যৎ তহবিল চালু নেই। চালু করার সুপারিশ।<br>চ) মহিলা কোটা সংরক্ষিত নেই।<br>ছ) পাবলিক পরীক্ষার ফলাফলের মানোন্নয়নের সুপারিশ। | ঐ |
| ৩৯ | ৯ | রাজগঞ্জ সিদ্দিকীয়া মডেল ফাযিল মাদ্রাসা, ডাকঘর-রাজগঞ্জ, উপজেলা-মনিরামপুর, জেলা-যশোর। | গ) ভৌত অবকাঠামোসহ একাডেমিক ও প্রশাসনিক মানোন্নয়নের সুপারিশ।<br>ঘ) অর্থ বিধি যথাযথভাবে অনুসরণের সুপারিশ।<br>ঙ) শিক্ষক-কর্মচারীর নামে ভবিষ্যৎ তহবিল চালু নেই। চালু করার সুপারিশ।<br>ছ) পাবলিক পরীক্ষার ফলাফলের মানোন্নয়নের সুপারিশ। | ঐ |
| ৪০ | ১০ | রতনদিয়া ইসলামিয়া বালিকা দাখিল মাদ্রাসা, ডাকঘর-নেংগুড়াহাট, উপজেলা-মনিরামপুর, জেলা-যশোর। | গ) ভৌত অবকাঠামোসহ একাডেমিক ও প্রশাসনিক মানোন্নয়নের সুপারিশ।<br>ঘ) অর্থ বিধি যথাযথভাবে অনুসরণের সুপারিশ।<br>ঙ) শিক্ষক-কর্মচারীর নামে ভবিষ্যৎ তহবিল চালু নেই। চালু করার সুপারিশ।<br>ছ) পাবলিক পরীক্ষার ফলাফলের মানোন্নয়নের সুপারিশ। | ঐ |
| ৪১ | ১১ | টুনিয়াঘরা মহিলা আলিম মাদ্রাসা, ডাকঘর-চালকীডাঙ্গা, উপজেলা-মনিরামপুর, জেলা-যশোর। | গ) ভৌত অবকাঠামোসহ একাডেমিক ও প্রশাসনিক মানোন্নয়নের সুপারিশ।<br>ঘ) অর্থ বিধি যথাযথভাবে অনুসরণের সুপারিশ।<br>ঙ) শিক্ষক-কর্মচারীর নামে ভবিষ্যৎ তহবিল চালু নেই। চালু করার সুপারিশ।<br>ছ) পাবলিক পরীক্ষার ফলাফলের মানোন্নয়নের সুপারিশ। | ঐ |
| ৪২ | ১ | কোমরপুর দাখিল মাদ্রাসা, ডাকঘর-শাখকোমরপুর, উপজেলা-দেবহাটা, জেলা-সাতক্ষীরা। | গ) অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি নিয়মিত নয়।<br>ঘ) অত্র প্রতিষ্ঠানে বাৎসরিক বাজেট প্রণয়নের মাধ্যমে আয়-ব্যয় পরিচালনা করা হয় না।<br>ঙ) প্রতিষ্ঠানের আর্থিক লেনদেন ব্যাংকের মাধ্যমে সম্পন্ন করা হয় না, যা আর্থিক বিধি-বিধান পরিপন্থী।<br>চ) শিক্ষক-কর্মচারীর নামে ভবিষ্যৎ তহবিল চালু নেই।<br>ছ) প্রতিষ্ঠানে বিগত পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনে আর্থিক বিষয়ে সুপারিশ ছিল যা বাস্তবায়িত হয়নি। | |
| ৪৩ | ২ | শিরাশুনি দাখিল মাদ্রাসা, ডাকঘর-শিরাশুনি, উপজেলা-সদর, জেলা-সাতক্ষীরা। | গ) অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি নিয়মিত নয়।<br>ঘ) অত্র প্রতিষ্ঠানে বাৎসরিক বাজেট প্রণয়নের মাধ্যমে আয়-ব্যয় পরিচালনা করা হয় না।<br>ঙ) প্রতিষ্ঠানের আর্থিক লেনদেন ব্যাংকের মাধ্যমে সম্পন্ন করা হয় না, যা আর্থিক বিধি-বিধান পরিপন্থী।<br>চ) শিক্ষক-কর্মচারীর নামে ভবিষ্যৎ তহবিল চালু নেই। | ঐ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪৪ | ১ | নামাজপুর সাকিনা হামিদ বালিকা দাখিল মাদ্রাসা, ডাকঘর-নামাজপুর, উপজেলা-পিরোজপুর সদর, জেলা-পিরোজপুর। | গ) ভৌত অবকাঠামোসহ একাডেমিক ও প্রশাসনিক মানোন্নয়নের সুপারিশ।<br>ঘ) অর্থ বিধি যথাযথভাবে অনুসরণের সুপারিশ।<br>ঙ) শিক্ষক-কর্মচারীর নামে ভবিষ্যৎ তহবিল চালু আছে। নিয়মিতভাবে টাকা জমা করার সুপারিশ।<br>ছ) মহিলা কোটা সংরক্ষণের সুপারিশ।<br>জ) ০৬ জন শিক্ষক কর্তৃক সর্বমোট ৯২,৬৯,৩৪৭/৫০ টাকা সরকারি কোষাগারে ফেরতযোগ্য।<br>জ) ০৬ জন শিক্ষক কর্তৃক সর্বমোট ৯২,৬৯,৩৪৭/৫০ টাকা সরকারি কোষাগারে ফেরতযোগ্য। | ঐ |
| ৪৫ | ১ | সাহেবেরহাট ফাযিল মাদ্রাসা, ডাকঘর-সাহেবের হাট, উপজেলা ও জেলা-বরিশাল সদর। | গ) ভৌত অবকাঠামোসহ একাডেমিক ও প্রশাসনিক মানোন্নয়নের সুপারিশ।<br>ঘ) অর্থ বিধি যথাযথভাবে অনুসরণের সুপারিশ।<br>ঙ) শিক্ষক-কর্মচারীর নামে ভবিষ্যৎ তহবিল চালু আছে। নিয়মিতভাবে টাকা জমা করার সুপারিশ।<br>চ) মহিলা কোটা সংরক্ষিত নেই। মহিলা কোটা পূরণসহ সংরক্ষণের সুপারিশ। | ঐ |
| ৪৬ | ২ | সারুখালী হোসাইনিয়া আলিম মাদ্রাসা, ডাকঘর-হিজলতলা, উপজেলা ও জেলা-বরিশাল সদর। | গ) ভৌত অবকাঠামোসহ একাডেমিক ও প্রশাসনিক মানোন্নয়নের সুপারিশ।<br>ঘ) অর্থ বিধি যথাযথভাবে অনুসরণের সুপারিশ।<br>ঙ) শিক্ষক-কর্মচারীর নামে ভবিষ্যৎ তহবিল চালু আছে। নিয়মিতভাবে টাকা জমা করার সুপারিশ।<br>চ) মহিলা কোটা সংরক্ষিত নেই। মহিলা কোটা পূরণসহ সংরক্ষণের সুপারিশ। | ঐ |
| ৪৭ | ৩ | পূর্ব চাঁদপুরা আহম্মদিয়া বহুমুখী ফাযিল মাদ্রাসা, ডাকঘর-নৈমিত্র, উপজেলা ও জেলা-বরিশাল সদর। | গ) ভৌত অবকাঠামোসহ একাডেমিক ও প্রশাসনিক মানোন্নয়নের সুপারিশ।<br>ঘ) অর্থ বিধি যথাযথভাবে অনুসরণের সুপারিশ।<br>ঙ) শিক্ষক-কর্মচারীর নামে ভবিষ্যৎ তহবিল চালু আছে। নিয়মিতভাবে টাকা জমা করার সুপারিশ।<br>চ) মহিলা কোটা সংরক্ষিত নেই। মহিলা কোটা পূরণসহ সংরক্ষণের সুপারিশ। | ঐ |
| ৪৮ | ১ | ইসলামাবাদ মোহাম্মদিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর-সুন্দ্রাকালিকাপুর, উপজেলা-মির্জাগঞ্জ, জেলা-পটুয়াখালী। | গ) স্টক টেকিং করা হয় না। শিক্ষকদের সমন্বয়ে স্টক টেকিং কমিটি গঠন করে প্রতি বছর প্রতিষ্ঠানের যাবতীয় অস্থাবর সম্পত্তির স্টক টেকিং করতে হবে।<br>ঘ) সহকারী মৌলভী জনাব মো: আব্দুল ওয়াহাব এবং অফিস সহকারী জনাব মো: আব্দুল হালিম ০২/০৫/২০১৪ তারিখ হতে মাদ্রাসায় অনুপস্থিত রয়েছেন। তাঁদেরকে যোগদানের জন্য নোটিশ করা হলেও তারা যোগদান করেননি। তাঁদের বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>ঙ) কার্যোপযোগী শিক্ষার মানোন্নয়নে পর্যাপ্ত এবং স্থানীয়ভাবে সহজলভ্য শিক্ষা উপকরণ ব্যবহারের মাধ্যমে শ্রেণীকক্ষে পাঠ উপস্থাপন করতে হবে। শ্রেণীকক্ষে ডিজিটাল কনটেন্ট এর ব্যবহার পাঠদান ও পাঠগ্রহণ সহজ ও আনন্দপূর্ণ করে তোলে।<br>চ) ভবিষ্যৎ তহবিল চালু নেই। | ঐ |
| ৪৯ | ২ | চতরা ওলামা মঞ্জিল আল আমিন দাখিল মাদ্রাসা, ডাকঘর-সুন্দ্রাকালিকাপুর, উপজেলা-মির্জাগঞ্জ, জেলা-পটুয়াখালী। | খ) ব্যবস্থাপনা কমিটি নেই। এডহক কমিটি গঠন প্রক্রিয়াধীন।<br>গ) শ্রেণীকক্ষে শিক্ষকদের পাঠদান এবং শিক্ষার্থীর পাঠগ্রহণ প্রতিষ্ঠান প্রধানকে নিবিড় পর্যবেক্ষণের মাধ্যমে পাঠোন্নতির বিষয়ে শ্রেণী শিক্ষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে।<br>ঘ) ভবিষ্যৎ তহবিল চালু নেই। | ঐ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫০ | ৩ | সুলতানাবাদ দাখিল মাদ্রাসা, ডাকঘর-সুলতানাবাদ, উপজেলা-মির্জাগঞ্জ, জেলা-পটুয়াখালী। | গ) প্রয়োজনীয় গৃহ-কক্ষাদির অভাব রয়েছে।<br>ঘ) দুর্বল, অমনোযোগী ও নিম্ন কৃতিত্ব সম্পন্ন শিক্ষার্থী চিহ্নিত করে তাদের পাঠোন্নতির জন্য অতিরিক্ত ক্লাস এর ব্যবস্থা করতে হবে। শুধু পাবলিক পরীক্ষা নয় সকল পরীক্ষার পূর্বে এ ব্যবস্থা চালু করতে হবে।<br>ঙ) অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটির কার্যক্রম নিয়মিত নয়। প্রতি তিন মাস অন্তর যাবতীয় আয় ব্যয় হিসাব যাচাই করে প্রতিবেদন কমিটির সভায় উপস্থাপন করতে হবে। পর্যায়ক্রমে সকল শিক্ষককে নিরীক্ষা কমিটির অন্তর্ভূক্ত করতে হবে। | |
| ৫১ | ৪ | শৌলা আনসারিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর-ভুরিয়া, উপজেলা সদর, জেলা-পটুয়াখালী। | গ) স্টক টেকিং করা হয় না। শিক্ষকদের সমন্বয়ে স্টক টেকিং কমিটি গঠন করে প্রতি বছর প্রতিষ্ঠানের যাবতীয় অস্থাবর সম্পত্তির স্টক টেকিং করতে হবে।<br>ঘ) কার্যোপযোগী শিক্ষার মানোন্নয়নে পর্যাপ্ত এবং স্থানীয়ভাবে সহজলভ্য শিক্ষা উপকরণ ব্যবহারের মাধ্যমে শ্রেণীকক্ষে পাঠ উপস্থাপন করতে হবে। শ্রেণীকক্ষে ডিজিটাল কনটেন্ট এর ব্যবহার পাঠদান ও পাঠগ্রহণ সহজ ও আনন্দপূর্ণ করে তোলে।<br>ঙ) ক্যাশ বহি সবসময় আপডেট রাখতে হবে। প্রতিমাসেই ক্যাশবহিতে মাসিক সমন্বয় শেষে প্রতিষ্ঠান প্রধানকে আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে অনুস্বাক্ষর করতে হবে। | ঐ |
| | | | | |

০৩. উপরিউক্ত তথ্য হতে এটা স্পষ্ট যে, পরিদর্শনের প্রায় ০৪ (চার) বছর (উপরের ছকে বর্ণিত ক্রমিক নং-৪), ০৩ (তিন) বছর (ক্রমিক নং-১২ ও ১৩), ০২ (দুই) বছর (ক্রমিক নং-১০, ১১, ১৪, ১৬, ১৭, ১৯ ও ২০) এবং ০১ (এক) বছর (ক্রমিক নং-১৫ ও ১৮) পর পরিদর্শন রিপোর্ট দাখিল হয়েছে।

০৪.পরিদর্শন সম্পন্ন হওয়ার পর রিপোর্ট দাখিলের ক্ষেত্রে অস্বাভাবিক বিলম্বের কারণ বোধগম্য নয়। পরিদর্শন রিপোর্ট দাখিলের ক্ষেত্রে সূত্রে বর্ণিত ২ নং স্মারকের নির্দেশনা অনুসরণের জন্য পরিচালক, ডিআইএ-কে নির্দেশনা প্রদান আবশ্যক।

০৫. এক্ষণে,

(ক) উপরিউক্ত ছকে বর্ণিত (টিএমইডি এর নির্দেশনা কলাম অনুযায়ী) নির্দেশনা মতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে প্রমানকসহ জবাব টিএমইডিতে প্রেরণ নিশ্চিত করার জন্য ডিজি,ডিএমইকে নির্দেশনা প্রদান আবশ্যক।

(খ) শিক্ষা মন্ত্রণালয় এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের এ সংক্রান্ত নির্দেশনা অনুযায়ী আলোচ্য প্রতিষ্ঠানের **(খান এ সবুর .মহিলা ফাজিল মডেল মাদ্রাসা, ডাকঘর-খুলনা সিটি, উপজেলা-খুলনা সদর, জেলা-খুলনা)** প্রকৃত অধ্যক্ষ নির্ণয়ক্রমে আগামী ২১.০৯.২০২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-তে অবহিতকরণ পত্র প্রেরণ নিশ্চিত করার জন্য ডিজি, ডিএমই-কে নির্দেশনা আবশ্যক।

(গ) ফারজানা আক্তারের নিয়োগ সংক্রান্ত রেকর্ডপত্র (শিক্ষাগত যোগ্যতার সনদসহ) যাচাইক্রমে তাঁর নিয়োগ সঠিক হয়েছে কিনা প্রমাণকসহ এই মর্মে মতামত টিএমইডি-তে প্রেরণের জন্য ডিজি, ডিএমই-কে নির্দেশনা আবশ্যক।

(ঘ) ফারজানা আক্তারের নিয়োগের সঠিকতা না থাকলে সাময়িকভাবে এমপিও বন্ধ করে স্থায়ীভাবে এমপিও বন্ধের জন্য প্রস্তাব টিএমইডি-তে প্রেরণের জন্য ডিজি, ডিএমই-কে নির্দেশনা দেয়া আবশ্যক।

(ঙ)জনাব ফারজানা কর্তৃক কোন এমপিও উত্তোলিত হয়ে থাকলে উত্তোলিত টাকা সরকারি কোষাগারে জমাদানপূর্বক প্রমাণক টিএমইডি-তে প্রেরণের জন্য ডিজি, ডিএমই-কে নির্দেশনা আবশ্যক।

০৫. এমতাবস্থায়, উপরিউক্ত টিএমইডি'র নির্দেশনা মতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে প্রমাণকসহ তথ্য আগামী ২১.০৯.২০২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণের জন্য ডিজি, ডিএমই-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো এবং সে সাথে ভবিষ্যতে পরিদর্শন রিপোর্ট দাখিলের ক্ষেত্রে সূত্রে বর্ণিত ২ নং স্মারকের নির্দেশনা অনুসরণের জন্য পরিচালক, ডিআইএ-কেও অনুরোধ করা হলো।

২৬-৮-২০২০
নূরজাহান বেগম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৫২৭২

বিতরণ :
১) মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ গার্লস গাইড এসোসিয়েশন, গাইড হাউজ, ৭ম ও ১০ম তলা, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।
২) পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.১৬.৪৫.১৯-১৫/১(৪)

তারিখ: ১১ ভাদ্র ১৪২৭
২৬ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২) সিষ্টেম এনালিষ্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইডে প্রকাশের অনুরোধসহ)।
৩) অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪) অফিস কপি, মাষ্টার কপি

২৬-৮-২০২০
নূরজাহান বেগম
সিনিয়র সহকারী সচিব